



বাংলাদেশের
স্বৰ্ণ জন্মত্ব
Bangladesh ৫০

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার



খাদ্য অধিদপ্তর

অভ্যন্তরীণ সংগ্রহ শাখা

খাদ্য ভবন, ১৬ আব্দুল গণি রোড, ঢাকা-১০০০

www.dgfood.gov.bd

স্মারক নম্বর: ১৩.০১.০০০০.০৯১.৮৫.৮০০.২১.৩৮

তারিখ: ১৮ মাঘ ১৪২৮

০১ ফেব্রুয়ারি ২০২২

বিষয়: সংগ্রহের নির্ধারিত মেয়াদের মধ্যে আমন/২০২১-২০২২ চাল সংগ্রহ লক্ষ্যমাত্রা অর্জন নিশ্চিতকরণ।

সূত্র: ১। খাদ্য মন্ত্রণালয়ের স্মারক নং ১৩.০০.০০০০.০৮৩.৩৫.০০৩.২১.২২৩, তারিখ: ০৮/১১/২০২১ খ্রি।

২। খাদ্য অধিদপ্তরের স্মারক নং ১৩.০১.০০০০.০৯১.৮৫.৮০০.২১.৩২১, তারিখ: ০৯/১২/২০২১ খ্রি।

৩। খাদ্য অধিদপ্তরের স্মারক নং ১৩.০১.০০০০.০৯১.৮৫.৮০০.২১.১৪, তারিখ: ১০/০১/২০২২ খ্রি।

উপর্যুক্ত বিষয়ের পরিলক্ষিতে জানানো যাচ্ছে যে, চলতি আমন/২০২১-২২ মৌসুমে ৭.২০ লাখ মেটন চাল সংগ্রহের লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছে। নির্ধারিত লক্ষ্যমাত্রার বিপরীতে ৩১/০১/২০২২ খ্রি: তারিখ পর্যন্ত সারাদেশে ৫,৫০,২৮৫ মেটন সিদ্ধ চাল সংগৃহীত হয়েছে, যার বিভাগভিত্তিক চিত্র নিম্নরূপ:

ক্র:নং	বিভাগের নাম	লক্ষ্যমাত্রা (মেটন)	ক্রমপুঁজির সংগ্রহ (মেটন)	সংগ্রহের হার	সংগ্রহের অবশিষ্ট পরিমাণ (মেটন)
১.	রাজশাহী	১৬২৩৭৪	১৩৯৩৫৬	৮৫.৮২%	২৩০১৮
২.	রংপুর	১৮৩৮৩৯	১৬৫৬০৪	৯০.০৮%	১৮২৩৫
৩.	খুলনা	৯৭০৫৭	৬৬১৯৯	৬৮.২১%	৩০৮৫৮
৪.	বরিশাল	২৯৭৪২	১৮৯৩১	৬৩.৬৫%	১০৮১১
৫.	সিলেট	২৭৮৩০	১৩১৭৯	৪৭.৩৬%	১৪৬৫১
৬.	ঢাকা	৫৮৪৯৫	৪৬০৭৮	৭৮.৭৭%	১২৪১৭
৭.	ময়মনসিংহ	৯৯৮৭২	৬৩৫৮১	৬৩.৬৬%	৩৬২৯১
৮.	চট্টগ্রাম	৬০৭৯১	৩৭৩৫৭	৬১.৪৫%	২৩৪৩৮
সর্বমোট=		৭২০০০০	৫৫০২৮৫	৭৬.৪৩%	১,৬৯,৭১৫

চালের নির্ধারিত লক্ষ্যমাত্রার বিপরীতে এখনো অসংগৃহীত পরিমাণ (৭,২০,০০০-৫৫০২৮৫)= ১,৬৯,৭১৫ মেটন। অভ্যন্তরীণ খাদ্যশস্য সংগ্রহ নীতিমালা, ২০১৭ অনুসরণপূর্বক ২৮/০১/২০২২ খ্রি। তারিখের মধ্যে বিনির্দেশসম্মত চাল সংগ্রহ সম্পন্ন করতে হবে। নির্ধারিত সময়ের মধ্যে লক্ষ্যমাত্রা অর্জনের জন্য আর ২৭ দিন বাকি আছে। সংগ্রহের জন্য এখন প্রতিটি দিনই খুব গুরুত্বপূর্ণ। তাই দৈনন্দিন সংগ্রহ কার্যক্রম নিবিড়ভাবে মনিটরিং করতে হবে। কোন অবস্থাতেই বিনির্দেশ বহির্ভূত চাল সংগ্রহ করা যাবে না। বিনির্দেশ বহির্ভূত চাল সংগ্রহ করা হলে সংশ্লিষ্ট কর্মকর্তাদের বিরুদ্ধে কঠোর প্রশাসনিক ব্যবস্থা গ্রহণ করতে হবে। বিনির্দেশসম্মত চাল সংগ্রহ নিশ্চিতকরণের লক্ষ্যে তাঁর অধীন সকল জেলা খাদ্য নিয়ন্ত্রক, উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, ভারপ্রাপ্ত গুদাম কর্মকর্তা, উপজেলা খাদ্য নিয়ন্ত্রক (কা:) ও কারিগরি খাদ্য পরিদর্শকগণকে যথাযথ নির্দেশনা প্রদানের জন্য অনুরোধ করা হলো।

১-২-২০২২

মো: শাখাওয়াত হোসেন

মহাপরিচালক

ফোন: +৮৮-০২২২৩৩৫৪৮৩৮

আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক (সকল)

ইমেইল: dg@dgfood.gov.bd

স্মারক নম্বর: ১৩.০১.০০০০.০৯১.৮৫.৮০০.২১.৩৪/১(১২)

তারিখ: ১৮ মার্চ ১৪২৮
০১ ফেব্রুয়ারি ২০২২

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) সচিব, খাদ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২) অতিরিক্ত মহাপরিচালক, খাদ্য অধিদপ্তর, ঢাকা।
- ৩) পরিচালক (সকল), খাদ্য অধিদপ্তর, ঢাকা।
- ৪) মন্ত্রীর একান্ত সচিব, মন্ত্রীর দপ্তর, খাদ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। মাননীয় খাদ্য মন্ত্রীর সদয় অবগতির জন্য।
- ৫) সিনিয়র সহকারী সচিব, অভ্যন্তরীন সংগ্রহ শাখা, খাদ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৬) সিল্টেম এনালিস্ট, কম্পিউটার নেটওয়ার্ক ইউনিট, খাদ্য অধিদপ্তর, ঢাকা। পত্রটি খাদ্য অধিদপ্তরের ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো।



১-২-২০২২

মোঃ রায়হানুল করীর
পরিচালক